



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

11 AUGUST 2024

7:35 AM IST

কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী আবাস যোজনা শহরাঞ্চলীয় যোজনার দ্বিতীয় পর্যায়ে অনুমোদন জানিয়েছে। একই সঙ্গে মন্ত্রিসভা ২০২৪-২৫ অর্থ বছর থেকে ২০২৮-২৯ অর্থ বছর পর্যন্ত প্রধানমন্ত্রী আবাস যোজনার গ্রামীণ প্রকল্প রূপায়নের ক্ষেত্রে সবুজ সংকেত দিয়েছে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সংবাদমাধ্যমকে জানিয়েছেন যে প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে নতুন করে আরো তিন কোটি গৃহ নির্মাণ করা হবে। এরমধ্যে ২ কোটি বাসগৃহ গ্রামাঞ্চলে এবং ১ কোটি শহরাঞ্চলে নির্মাণ করা হবে।

প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে শহরাঞ্চলে কর্মরত মহিলাদের জন্য আবাসগৃহের ব্যবস্থা করা সহ অর্থনৈতিকভাবে পিছিয়ে থাকা শ্রেণী, নিম্ন আয় শ্রেণী এবং মাঝারী আয় শ্রেণীর লোকদের জন্য ৪ শতাংশ রেহাই প্রদানের মাধ্যমে ২৫ লক্ষ টাকা পর্যন্ত গৃহঋণ প্রদান করা হবে বলে মন্ত্রী শ্রী বৈষ্ণব সাংবাদিকদের জানান।

রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী আজ একদিনের সফরে হাইলাকান্দি আসছেন। মন্ত্রী শ্রী পাটোয়ারী আজ সন্ধ্যা ৬ টায় হাইলাকান্দির জেলা আয়ুক্তের সভাকক্ষে অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় পর্যায়ে চারা লাগানোর কর্মসূচী সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করবেন।

অমৃত বৃক্ষ আন্দোলনের অংশ হিসেবে গতকাল হাইলাকান্দি পুলিশ বিভাগের পক্ষ থেকে শহরের ৯ নম্বর ওয়ার্ডে বৃক্ষ রোপন কার্যসূচীর আয়োজন করা হয়। এ উপলক্ষে জেলা আয়ুক্তের বাথলো থেকে জেলরোড পর্যন্ত রাস্তার দুপাশে গাছের চারা লাগানো হয়। এই কার্যসূচীতে পুলিশ সুপার লীনা দোলে ছাত্র-ছাত্রীদের সঙ্গ বৃক্ষ রোপন করেন। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে পুলিশ সুপার জানান যে পুলিশ বিভাগের পক্ষ থেকে জেলায় মোট ২৫ হাজার বৃক্ষ রোপন করা হবে।

উল্লেখ্য হাইলাকান্দি জেলায় অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় পর্যায়ে এপর্যন্ত দু লক্ষ ৮ হাজার ৭শ ৯৮টি গাছের চারা রোপন করে অমৃত বৃক্ষ পোর্টালে আপলোড করা হয়েছে। জেলায় আগামী ১৫ই অগাষ্ট পর্যন্ত ৫ লক্ষ গাছের চারা রোপনের লক্ষ

নির্ধারণ করা হয়েছে। এদিকে ইতিমধ্যে চারা পোর্টালে নাম পঞ্জীয়ন করেছেন, তাদেরকে পোর্টালে সেলফি তুলে পোর্টালে আপলোড করতে জেলা প্রশাসন থেকে অনুরোধ করা হয়েছে।

হাইলাকান্দি পুলিশ আমাদের হাইলাকান্দি গ্রুপের এডমিন মাজহারুল আনোয়ার চৌধুরীকে গতকাল হাইলাকান্দি শহর সংলগ্ন দক্ষিন সোনাপুর থেকে গ্রেপ্তার করেছে। হাইলাকান্দির অতিরিক্ত আয়ুক্ত সমীর দত্তর বরুয়া জানিয়েছেন যে আমাদের হাইলাকান্দি ফেইস বুক গ্রুপের রেজওয়ান উল্লাকে ইতিমধ্যে দেশ বিরোধী কাজে অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে।

জি এন এম (জেনারেল নার্সিং এন্ড মিডওয়াইফারি) প্রবেশ পরীক্ষা আগামী ১১ ই আগস্ট সকাল ১১ টা থেকে বেলা ১ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। আগে এই পরীক্ষা ১৪ ই জুলাই অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। প্রার্থীদেরকে অফিসিয়েল এ্যপ্লিকেশন পোর্টেল থেকে নতুন এডমিট কার্ড ডাউনলোড করতে বলা হয়েছে। গুয়াহাটীর শঙ্করদেব ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সের কন্ট্রোলার অধ্যাপক ডঃ করবি বরুয়া এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছেন।

কন্দীয় সরকারের সূক্ষ্ম, ক্ষুদ্র ও মাঝারী শিল্প বিভাগের শিলচর শাখার উদ্যোগে বিনামূল্যে সৌন্দর্য্য প্রশিক্ষন কর্মশালা চলতি মাসের শেষ সপ্তাহ থেকে শিলচরে শুরু হবে। ছয় সপ্তাহের এই কর্মশালায় উচ্চতর মাধ্যমিক উত্তীর্ণ এবং ১৮ বছরের উপরের মেয়েদের প্রশিক্ষন প্রদান করা হবে। ইচ্ছুক প্রার্থীদের আগামী ২০ অগাস্টের মধ্যে শিলচর প্রথম লিংক রোড সংলগ্ন কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে। বিশদ বিবরণের জন্য ৯৪৩৫৫-৬৫৮৪৫ নম্বরে যোগাযোগ করা যাবে।

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আজ উধারবন্ধ বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত অরুণাবন্দ চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে।

রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রকের নির্দেশ অনুযায়ী করিমগঞ্জ জেলা আয়ুক্ত মৃদুল যাদব এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে কোন সরকারী চিকিৎসক সরকারী ডিউটির সময়ে বেসরকারী প্রতিষ্ঠানে বা ফারমাসীতে প্রাইভেট প্র্যাক্টিস করতে পারবেন না। নির্দেশ অমান্য করলে এ ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইন আনুজায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।
